"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

অধ্যক্ষের কার্যালয়
সাউদার্ণ মেডিকেল কলেজ
প্রাপ্তি নং ......439......
প্রাপ্তির তাং......17.9.22......
প্রাপ্তির সময়......9 am......
স্বাক্ষর......


**Office of the College Inspector**
**Chittagong Medical University**
BITID Building, Fouzderhat
Chittagong-4316, Bangladesh.
Phone: 031-2780430, 031-2780428
Email:inspection.cmu2016@gmail.com
website:www.cmu.edu.bd

কলেজ পরিদর্শক দপ্তর
চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়
বিআইটিআইডি ভবন, ফৌজদারহাট
চট্টগ্রাম-৪৩১৬, বাংলাদেশ।
ফোন: ০৩১-২৭৮০৪৩০,০৩১-২৭৮০৪২৮
ইমেইল:inspection.cmu2016@gmail.com
ওয়েবসাইট: www.cmu.edu.bd


স্মারক নং-চমেবি/ক:প:/অধি:/নবায়ন/২০২২/ ২৬৬

তারিখ: ০৯ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
24 আগষ্ট 2022 খ্রি:

অধ্যক্ষ
সাউদার্ণ মেডিকেল কলেজ
পূর্ব নাসিরাবাদ, চট্টগ্রাম।

প্রিয় মহোদয়

চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় আইন ২০১৬ অনুযায়ী এবং পরিদর্শন কমিটির সুপারিশের ভিত্তিতে আপনার কলেজের ২০২১-২০২২ শিক্ষাবর্ষের অধিভুক্তি নবায়নসহ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় অনুমোদিত ১ম পেশাগত এমবিবিএস কোর্সে ---৫০------(---পঞ্চাশ------------) টি আসনে ছাত্র/ছাত্রী ভর্তির অনুমতি প্রদান করা হলো। তবে মেডিকেল শিক্ষার গুনগত মান বজায় রাখার স্বার্থে কলেজ কর্তৃপক্ষকে নিম্নলিখিত শর্তসমূহ পূরণ করে জানাতে হবে।

## শর্তসমূহ

১। কোনক্রমেই অনুমোদিত আসনের অতিরিক্ত ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে না।

২। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক "বেসরকারী মেডিকেল কলেজ স্থাপন ও পরিচালনা নীতিমালা ২০১১ (সংশোধিত)" স্মারক নং- স্বাপকম/চিশিজ-২/আইন ও বিধি-৩/(অংশ-২)/২০০৮/১৬২ তারিখ: ২২-০৬-২০১১ খ্রি: অনুযায়ী কলেজের নামে নির্ধারিত পরিমান নিজস্ব জমিতে নির্দেশিত ফ্লোর স্পেস সহ একাডেমিক ভবন এবং হাসপাতাল ভবন থাকতে হবে।

৩। একাডেমিক ভবনে ফ্লোরস্পেস ২৮,৯৮৪ বর্গফুট ও হাসপাতালে ২৮,২০০ বর্গফুট ফ্লোরস্পেস বৃদ্ধিকরণ।

৪। বিএমএন্ডডিসি'র অধিভুক্তি হালনাগাদ করতে হবে।

৫। (ক) কলেজের সকল কার্যক্রম গভর্নিংবডির অনুমোদনে পরিচালিত হবে। বৎসরে যৌক্তিক বিরতিতে গভর্নিংবডির কমপক্ষে ৪ (চার) টি সভা অনুষ্ঠিত হতে হবে। গভর্নিংবডির সদস্য সচিব চেয়ারম্যান মহোদয়ের সম্মতিক্রমে সভার দিনক্ষ নির্ধারণ করে কমপক্ষে ১ (এক) টি সপ্তাহ পূর্বে সভার নোটিশ সম্মানিত সদস্যদের কাছে প্রেরণ করবেন
(খ) এ ছাড়াও প্রয়োজনবোধে গভর্নিংবডির বিশেষ সভা অথবা জরুরী সভা করা যাবে। বিশেষ সভার নোটিশ কমপক্ষে ৩ (তিন) দিন পূর্বে এবং জরুরী সভার নোটিশ কমপক্ষে ২৪ ঘন্টা পূর্বে সম্মানিত সদস্যদের জানাতে হবে।

৬। কলেজের একাডেমিক এবং প্রশাসনিক কাজ সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে পরিচালনার স্বার্থে নিয়মিত অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও প্রয়োজনীয় শিক্ষক/অন্যান্য জনবল নিয়োগ করতে হবে।

৭। রেফারেন্স বই ও লাইব্রেরীতে ১০৬ টি আসনের ঘাটতি ও মিউজিয়ামের সরঞ্জামের ঘাটতি পূরণ করতে হবে।

৮। বিএমএন্ডডিসির **"Criteria and Standard of Bangladesh Medical & Dental Council for Recognizing Medical Colleges"** নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় শিক্ষক নিয়োগ দিতে হবে এবং কলেজের/হাসপাতালের প্রয়োজনীয় অন্যান্য নির্দেশিত শর্তসমূহ পালন করতে হবে।

৯। **Curriculum for Under-graduate Medical Education in Bangladesh-2012** অনুযায়ী বিষয়গুলোতে **"Criteria and Standard of Bangladesh Medical & Dental Council for Recognizing Medical Colleges"** প্রয়োজনীয় শিক্ষক নিয়োগ দিতে হবে।

১০। বিএমএন্ডডিসির **"Criteria and Standard of Bangladesh Medical & Dental Council for Recognizing Medical Colleges"** নীতিমালা অনুযায়ী শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের জন্য আলাদা আবাসিক ব্যবস্থা, ছাত্র-ছাত্রীদের জন্য কমন রুম ও শিক্ষক কমন রুম, একটি অডিটোরিয়াম, পরীক্ষা গ্রহনের জন্য আলাদা এবং অন্যান্য সুযোগ-সুবিধা থাকতে হবে।

১১। গভর্নিংবডি কর্তৃক ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট "অধ্যক্ষ নিয়োগ কমিটি" গঠন করতে হবে। উক্ত কমিটিতে উপাচার্য মহোদয়ের কমপক্ষে ২ (দুই) জন প্রতিনিধি থাকবেন। কমিটি বিএমএন্ডডিসি ও বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা অনুযায়ী সাক্ষাৎকারের মাধ্যমে অধ্যক্ষ হিসেবে ১ (এক) জন কে সুপারিশ করবেন এবং সেই সুপারিশের ভিত্তিতে গভর্নিংবডি অধ্যক্ষ নিয়োগের অনুমোদন দিবেন।

১২। কলেজের উপাধ্যক্ষ ও অন্যান্য শিক্ষক নিয়োগের জন্য ন্যূনতম ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি "শিক্ষক নিয়োগ কমিটি" গভর্নিংবডি কর্তৃক গঠিত হবে। কমিটিতে উপাচার্য মহোদয়ের কমপক্ষে ১ (এক) জন প্রতিনিধি থাকবেন এবং ১ (জন) বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ শিক্ষক থাকবেন। আবেদনকারী শিক্ষকদের সাক্ষাৎকার গ্রহনের মাধ্যমে কমিটির সুপারিশ অনুযায়ী গভর্নিংবডি শিক্ষক নিয়োগের অনুমোদন দিবেন।

১৩। গভর্নিংবডির মাননীয় চেয়ারম্যান অধ্যক্ষ ও শিক্ষক নিয়োগ কমিটির সভাপতি থাকবেন এবং অধ্যক্ষ মহোদয় শিক্ষক নিয়োগ কমিটির সদস্য সচিব থাকবেন।

১৪। অধ্যক্ষ ও অন্যান্য শিক্ষক নিয়োগের জন্য কমপক্ষে ১ (এক) টি জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন দিতে হবে এবং বিজ্ঞাপন অনুযায়ী সকল প্রার্থীকে আবেদন করতে হবে।

১৫। অধ্যক্ষ, উপাধ্যক্ষ এবং অন্যান্য শিক্ষকদের যোগ্যতা বিএমএন্ডডিসির নীতিমালা অনুযায়ী নির্ধারিত হবে।

১৬। কলেজের সংরক্ষিত তহবিলে কমপক্ষে ৬৫,০০,০০০ /-( লক্ষ) টাকা থাকতে হবে। সংশ্লিষ্ট ব্যাংকের নিকট থেকে হালনাগাদ এ মর্মে সার্টিফিকেট দিতে হবে যে, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত গভর্নিংবডির পূর্বানুমতি ব্যতীত এই তহবিলের মূল অর্থ উঠানো বা ভাঙানো যাবে না। তবে উক্ত টাকার লভ্যাংশ গভর্নিংবডির পূর্বানুমোদনক্রমে কলেজের উন্নয়নের নিমিত্তে ব্যবহার করা যাবে।

১৭। কলেজটি কোনক্রমেই লাভজনক প্রতিষ্ঠান হিসাবে বিবেচনা করা যাবে না। কলেজের যাবতীয় আয়-ব্যয় কলেজের নামে পৃথক ব্যাংক হিসাবের মাধ্যমে পরিচালনা করতে হবে। গভর্নিংবডির চেয়ারম্যান ও অধ্যক্ষের যৌথ স্বাক্ষরে উক্ত ব্যাংক হিসাব পরিচালিত হবে।

১৮। কলেজের স্নাতকোত্তর ডিগ্রিপ্রাপ্ত শিক্ষকের সংকট নিরসনের লক্ষ্যে নবীন শিক্ষকদের উচ্চতর ডিগ্রী অর্জনের সহায়তা দানের ব্যবস্থা হিসেবে তাদেরকে শিক্ষা ছুটি প্রদানের ব্যবস্থা থাকতে হবে।

mah
25/8/22

১৯। কলেজ গ্রন্থাগারে প্রতিটি বিষয়ের সর্বশেষ সংস্করণের মানসম্পন্ন পাঠ্যপুস্তক এবং ছাত্র-ছাত্রীদের সৃজনশীল মানসিক বিকাশ ও দেশাত্মবোধ জাগরণের নিমিত্তে অন্যান্য সহায়ক পুস্তক থাকতে হবে। নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সংযোগের ব্যবস্থা করতে হবে। গ্রন্থাগারে চিকিৎসা বিষয়ক কমপক্ষে ৩ (তিন) টি আন্তর্জাতিক মানের জার্নাল নিয়মিতভাবে সংগ্রহ করতে হবে। শিক্ষকদের জন্য গ্রন্থাগারের সুবিধা নিশ্চিত করতে হবে এবং আসন বৃদ্ধি করতে হবে।

২০। গভর্নিংবডি কর্তৃক একটি **Finance Committee** গঠন করতে হবে। উক্ত কমিটির মাধ্যমে কলেজের আয়-ব্যয়ের বার্ষিক বিবরণী এবং অডিট রিপোর্ট গভর্নিংবডিতে পেশ করতে হবে।

২১। হাসপাতালের অনুমোদিত বেডের ১০% শিক্ষার্থীদের **Clinical bed-side teaching learning** এর জন্য আলাদাভাবে নির্ধারিত থাকতে হবে।

২২। অনুমোদিত আসনের শতকরা ৫ (পাঁচ) জন আর্থিকভাবে অস্বচ্ছল ও মেধাবী ছাত্রছাত্রীকে সরকারি মেডিকেল কলেজের অনুরূপ খরচে অধ্যয়নের সুযোগ নিশ্চিত করতে হবে।

২৩। শিক্ষার্থীর ভর্তি প্রক্রিয়া ভর্তি কমিটির মাধ্যমে সম্পন্ন করতে হবে। বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা অনুযায়ী প্রণীত ভর্তি কমিটির মাধ্যমে উক্ত ৬৫ (পঁয়ষট্টি) টি আসনে শিক্ষার্থী ভর্তি করিতে হইবে। ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকা গভর্নিংবডি কর্তৃক অনুমোদন নিয়ে রেজিস্ট্রেশনের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্দেশিত নিয়মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।

২৪। উপরে বর্ণিত শর্তসমূহের পূরনের প্রতিবেদন আগামী ৬ (ছয়) মাসের মধ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অবহিত করতে হবে এবং কলেজের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের অধিভুক্তি নবায়নের জন্য নির্ধারিত ফি সহ শিক্ষাবর্ষ শুরুর কমপক্ষে ৩ (তিন) মাস পূর্বে আবেদন করতে হবে। বিশ্ববিদ্যালয়ের পূর্বানুমতি ব্যতীত ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে কোন ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে না।

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে,

ডা. আইরিন সুলতানা
উপ কলেজ পরিদর্শক
চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়

স্মারক নং-চমেবি/কপঃ/অধিঃ/নবায়ন/২০২২/ ২৬৩(৯)

তারিখঃ ০৯-ভাদ্র ১৪২৯বঙ্গাব্দ
২৪ আগস্ট ২০২২ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি দেয়া হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। যুগ্ম-সচিব, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, (চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। রেজিষ্ট্রার, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল, বিজয় নগর, ঢাকা-১০০০।
৪। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
৫। ডিন, সকল অনুষদ, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
৬। পরীক্ষা নিয়ন্ত্রক, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
৭। উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
৮। সহকারি রেজিস্ট্রার ও পিএস টু ভিসি (অঃদা), চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম। (ভাইস চ্যান্সেলর মহোদয়ের জ্ঞাতার্থে)
৯। সহকারি পরিচালক (অর্থ ও হিসাব), চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
১০। অফিস নথি।

উপ কলেজ পরিদর্শক
চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়